11107 - অসুস্থ ব্যক্তির জন্য কি রমযানের রোযা না-রাখা উত্তম?

প্রশ্ন

অসুস্থ ব্যক্তির জন্য রোযা না-রাখা উত্তম? নাকি কষ্ট করে রোযা রাখাটা উত্তম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রোগীর জন্য যদি রোযা রাখা কষ্ট হয় তাহলে উত্তম হল রোযা না-রাখা এবং যে দিনগুলোর রোযা রাখনেি সগেুলোর কাযা পালন করা। কষ্ট করে রোযা রাখা মুস্তাহাব নয়। দলিল হচ্ছে—

১। ইমাম আহমাদ (৫৮৩২) ইবনে উমর (রাঃ) থকেে বর্ণনা করনে যে, তনিি বলনে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "নশ্চিয় আল্লাহ্ তাঁর রুখসতগুলো গ্রহণ করাকে পছন্দ করনে যভোবে তনিি তাঁর অবাধ্যতায় লপ্তি হওয়াকে অপছন্দ করনে।"[আলাবানী "ইরওয়াউল গালনি" গ্রন্থে (৫৬৪) হাদসিটকিে সহহি বলনে]"

২। সহহি বুখারী (৬৭৮৬) ও সহহি মুসলমি (২৩২৭)-এ আয়শো (রাঃ) থকেে বর্ণতি হয়ছেে যে, তনিি বলনে: "রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুটো বষিয়রে মাঝে নর্িবাচন করার এখতয়িার দয়ো হলে তনিি সহজতম বষিয়টি গ্রহণ করতনে; যতক্ষণ না সটো পাপ হত। পাপ হলে তনিি হতনে এর থকেে সবচয়েে দূরত্ব রক্ষাকারী ব্যক্তি।"

ইমাম নববী বলনে: "এ হাদসিে সহজতম বষিয় ও কোমলতম বষিয় গ্রহণ করা মুস্তাহাব হওয়ার পক্ষে দলিল রয়ছেে; যতক্ষণ না সটো হারাম হয় কংিবা মাকরুহ হয়।"[সমাপ্ত]

বরং কষ্ট হওয়া সত্ত্বওে রোযা রাখা মাকরুহ। কখনও কখনও হারাম হতে পার; যদি রোযার কারণে শারীরকি ক্ষতি হওয়ার আশংকা হয়।

কুরতুবী বলনে (২/২৭৬):

"রোগীর অবস্থা দুটো: ১। মোটইে রোযা রাখার সক্ষমতা না থাকা; তার জন্য রোযা না-রাখা ওয়াজবি। ২। কছিু শারীরকি ক্ষতি ও কষ্টরে সাথে রোযা রাখতে সক্ষম হওয়া। এ ব্যক্তির জন্য রোযা না-রাখা মুস্তাহাব। এমতাবস্থায় কবেল অজ্ঞ লোকেই রোযা রাখে।"[সমাপ্ত]

ইবনে কুদামা (রহঃ) "আল-মুগনী" গ্রন্থে (৪/৪০৪) বলেন:

"যদি রোগী এ রোগে সত্ত্বেও কষ্ট করে রোযা রাখে তাহলে সে মাকরুহ কাজে লিপ্ত হল। যেহেতু এ রোযা রাখার মধ্যে নিজের শারীরিক ক্ষতি করা নিহিত আছে। রোযা না-রাখাটা আল্লাহ্‌র পক্ষ থেকে শিথিলায়ন ও আল্লাহ্‌র দেয়া অবকাশকে গ্রহণ করা।"[সমাপ্ত]

শাইখ বিন উছাইমীন (রহঃ) "আশ-শারহুল মুমতি" গ্রন্থে (৬/৩৫২) বলেন:

"এর মাধ্যমে আমরা কিছু কিছু ইজতিহাদকারী ও রোগীদের ভুল জানতে পারি যাদের রোযা রাখতে কষ্ট হয়; হয়তোবা শারীরিক ক্ষতিও হয় কিন্তু তারা রোযা ভাঙ্গতে অস্বীকৃতি জানান। আমরা বলব: উনারা ভুল করছেন; যেহেতু তারা আল্লাহ্‌র দেয়া বদান্যতাকে গ্রহণ করেনি এবং তাঁর দেয়া অবকাশকে গ্রহণ করেনি এবং নিজেদের ক্ষতি করছেন। অথচ আল্লাহ্ তাআলা বলছেন: "তোমরা নিজেদেরকে হত্যা করো না।"[সূরা নিসা, আয়াত: ২৯]

1319 নং প্রশ্নোত্তরটিও পড়ুন।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।